## 374766 - মাসোহারা দেয়ার ক্ষেত্রে সন্তানদের মধ্যে তারতম্য করার হুকুম?

প্রশ্ন

ছেলেদের একজনকে অন্যজনের চেয়ে বেশি দেয়ার বিষয়ে আমার একটি জিজ্ঞাসা আছে। আমার পিতামাতা (হাফিযাহুমুল্লাহ্) আমাকে মাসিক ২০০ রিয়াল খরচ দেন। যেহেতু আমার বয়স ১৭ বছর। আমার ছোট ভাইয়ের বয়স ৯ বছর। সে পায় ১০০ রিয়াল। এখানে আমার কয়েকটি প্রশ্ন আছে: ১। এই অর্থটি কি আমার জন্য হারাম হবে? এর মধ্যে যতটুকু আমি খরচ করেছি সেটো কি আমার ভাইকে জুলুম করা হল? ২। আমি এ ব্যাপারে আমার ভাইয়ের সাথে কথা বলেছি। এই বেশি দেয়ার ব্যাপারে সে সন্তুষ্ট। কিন্তু সে তো বালেগ হয়নি। তাই তার সন্তুষ্টি কি সহিহ? ৩। সর্বশেষে যদি আমার পিতামাতার এই উদ্দেশ্য থাকে যে, আমার ভাইকেও আমার সম পরিমাণ দিবেন তবে সে যখন আমার মত বড় হবে তখন; এটা কি সমতা বিধান হিসেবে গণ্য হবে?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

### উপহারের মত খরচ প্রদানে সন্তানদের মধ্যে ন্যায্যতা রক্ষা করা কি আবশ্যক?

উপহার সামগ্রী দেয়া ও কোন কিছু অনুদান দেয়ার ক্ষেত্রে সন্তানদের মধ্যে ন্যায্যতা রক্ষা করা ওয়াজিব। আমের (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: "আমি নোমান বিন বাশির (রাঃ) কে মিম্বরে দাঁড়িয়ে বলতে শুনেছি তিনি বলছিলেন: আমার পিতা আমাকে একটা কিছু অনুদান দিয়েছিলেন। তখন আ'মরা বিনতে রাওয়াহা বলছেন: আমি ততক্ষণ পর্যন্ত সন্তুষ্ট হব না যতক্ষণ পর্যন্ত না আপনি রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সাক্ষী করবেন। নোমান বিন বাশির রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বললেন: আমি আমার স্ত্রী আ'মরা বিনতে রাওয়াহার ঘরের ছেলেকে একটা অনুদান দিয়েছি। তখন সে আমাকে নির্দেশ দিল আমি যেন আপনাকে সাক্ষী রাখি; হে আল্লাহ্‌র রাসূল! তিনি বললেন: তুমি তোমার সব ছেলেকে অনুরূপ অনুদান দিয়েছ? নোমান বললেন: না। তখন তিনি বললেন: আল্লাহ্‌কে ভয় কর এবং সন্তানদের মাঝে ন্যায় বাস্তবায়ন কর। বর্ণনাকারী বলেন: তখন তিনি ফিরে যান এবং তার অনুদানটি ফিরিয়ে নেন।"[সহিহ বুখারী (২৫৮৭)]

বুখারীর অপর এক রেওয়ায়েতে (২৬৫০) এসেছে: "কোন অন্যায়ের ক্ষেত্রে আমাকে সাক্ষী বানিও না"।

পক্ষান্তরে, খরচের বিষয়টি হলো: প্রত্যেক ছেলেকে তার প্রয়োজন মাফিক দেয়া হবে। বড়দের খরচ ছোটদের খরচের সমান

নয়। যেই ছেলে বিশ্ববিদ্যালয়ে পড়ে তার খরচ যে ছেলে প্রাইমারীতে পড়ে তার সমান নয়। যেই ছেলে বিয়ের বয়সে পৌঁছেছে এবং তার বিয়ে করা প্রয়োজন তার খরচ যেই ছেলে বালেগ হয়নি কিংবা বালেগ হলেও বিয়ের প্রয়োজন হয়নি তার খরচের সমান নয়।

কাশ্শাফুল ক্বিনা গ্রন্থে (৩/৩০৯) বলেন: "পিতামাতা এবং অন্য সব আত্মীয়ের উপর যারা আত্মীয়তারসূত্রে তাদের থেকে মিরাছ (উত্তরাধিকার সম্পত্তি) পায় তাদের মধ্যে অনুদান দেয়ার ক্ষেত্রে ন্যায্যতা বিধান করা ওয়াজিব; তিনি সন্তান হন, পিতা হন, মা হন, ভাই হন, ছেলে হন, চাচা হন, চাচাতো ভাই হন। তবে তুচ্ছ জিনিসের ক্ষেত্রে ওয়াজিব নয়; যেহেতু তুচ্ছ জিনিস ক্ষমার্হ; এতে তেমন প্রভাব পড়ে না...। তবে খরচ ও পোশাকের বিষয়টি এর ব্যতিক্রম। এক্ষেত্রে প্রয়োজন মাফিক দেয়া আবশ্যক; সমতা বিধান নয়।"[সমাপ্ত]

শাইখ ইবনে উছাইমীন (রহঃ) অনুদান ও খরচের মধ্যে পার্থক্য চিহ্নিত করতে গিয়ে বলেন:

"গ্রন্থকার 'অনুদান' শব্দের মাধ্যমে আমাদেরকে জানিয়েছেন যে, খরচের ক্ষেত্রে তাদের মাঝে তাদের মিরাছের অধিকার অনুযায়ী ন্যায় বিধান করা ওয়াজিব নয়। বরং ন্যায় বিধান করতে হবে তাদের প্রয়োজন অনুপাতে। সন্তানদের খরচ দেয়ার ক্ষেত্রে তাদের প্রয়োজন অনুপাতে ন্যায্যতা বিধান করতে হবে। ধরে নেয়া যাক মেয়ে সন্তান গরীব এবং ছেলে সন্তান ধনী। এক্ষেত্রে মেয়েকে খরচ দেয়া হবে। এর বিপরীতে ছেলেকে কিছুই দেয়া হবে না। কেননা খরচ দেয়া হচ্ছে তার প্রয়োজন মিটানোর জন্য। তাই খরচের ক্ষেত্রে সন্তানদের মাঝে ন্যায্যতা বিধান হচ্ছে— প্রত্যেককে তার প্রয়োজন মাফিক খরচ দেয়া।

ধরে নিই: সন্তানদের একজন মাদ্রাসায় পড়ে। তার মাদ্রাসার খরচ প্রয়োজন। বই, খাতা, কলম, কালি ইত্যাদি প্রয়োজন। অন্য এক ছেলে তার চেয়ে বড়। কিন্তু সে পড়ে না বিধায় তার এগুলোর দরকার নেই। তাই প্রথমজনকে এগুলো দেয়া হলে দ্বিতীয় জনকেও কি অনুরূপ দিতে হবে? জবাব হল: না। কারণ খরচ দেয়ার ক্ষেত্রে ন্যায্যতা বিধান হলো: প্রত্যেককে তার প্রয়োজন মাফিক দেয়া।

এর উদাহরণ: ছেলে সন্তানের যদি রুমাল ও টুপির প্রয়োজন হয় যেগুলোর মূল্য হচ্ছে ১০০ রিয়াল। আর মেয়ে সন্তানের কানের দুল প্রয়োজন হয়; যেগুলোর মূল্য হচ্ছে ১০০০ রিয়াল। এক্ষেত্রে ন্যায্য বিধান কি? জবাব হলো: ছেলের জন্য ১০০ রিয়াল দিয়ে রুমাল ও টুপি কিনে এবং মেয়ের জন্য ১০০০ রিয়াল দিয়ে কানের দুল কেনা; যা ছেলে সন্তানের ভাগের দশগুণ বেশি। এটাই ন্যায্য বিধান।

আরেকটি উদাহরণ: ছেলেদের একজনের বিয়ের প্রয়োজন। অন্যজনের বিয়ের প্রয়োজন নাই। এক্ষেত্রে ন্যায্যতা কি? জবাব: যার বিয়ে প্রয়োজন তাকে খরচ দেয়া; আর যার বিয়ের প্রয়োজন নাই তাকে কিছুই না দেয়া। এ কারণে কিছু কিছু মানুষ যা করে থাকেন সেটা ভুল। তিনি তার ছেলেদের মধ্যে যারা বালেগ হয়েছেন তাদেরকে বিয়ে করিয়েছেন। আর ছোট ছেলেদের ব্যাপারে

ওসয়িতপত্রে লখিে যান: আমার যে ছলেরো বয়িে করনে িআম িআমার সম্পদরে এক তৃতীয়াংশ থকেে তাদরে প্রত্যকেকে বয়িে করানোর জন্য ওসয়িত করে যাচ্ছ।ি এটা িজায়যে নয়। কনেনা বয়িে করানো প্রয়োজন মটিানো শ্রণেীয়। এই ছলেরো তো বয়িরে বয়সে পৌঁছনে।ি তাই তাদরে জন্য ওসয়িত করা হারাম। এমন ওসয়িত সংঘটতি হবে না। এমনক িওয়ারশিদরে জন্য এমন ওসয়িত বাস্তবায়ন করা জায়যে নয়; তবে তাদরে মধ্যে বালগে সুবোধ কউে যদ িতার মরিাছরে ভাগ থকেে অনুমত িদয়ে তাহলে অসুবধিা নাই।"[আশ্-শারহুল মুমত(ি৪/৫৯৯)]

উপরোক্ত আলোচনার ভত্তিতিে আপনাদরেকে প্রদয়ে মাসোহারা যদ িখরচ হসিবেে দয়ো হয় অর্থাৎ প্রত্যকেরে পোশাক, মাদ্রাসার সরঞ্জাম ইত্যাদরি প্রয়োজন অনুপাতে দয়ো হয় তাহলে এতে সমতা নরিূপন করা ওয়াজবি নয়। বরং আপনাদরে দুইজনরে প্রত্যকেকে তার প্রয়োজন অনুপাতে দয়ো হব।ে

আর যদ িপ্রদয়ে মাসোহারা প্রয়োজনরে অতরিক্তি দয়ো হয় তাহলে এটা িঅনুদান শ্রণেীয়; যক্ষেত্রেে সমতা বধিান করা অনবির্য।

ধরে নহিি আপনার খাওয়া, পানীয়, পোশাক, মাদ্রাসার যাতায়াত ভাড়া ইত্যাদরি জন্য ১৫০ রয়িাল লাগ;ে আর ৫০ রয়িাল উদ্ধৃত্ত দয়ো হয়। তাহলে এই পঞ্চাশ রয়িাল উপহার। এক্ষত্রেে সমতা বধিান করা অনবির্য। তাই আপনার ভাইকওে অনুরূপ ৫০ রয়িাল দয়ো ওয়াজবি হব;ে যদ িধরে নয়ো হয় য,ে তাকে দয়ো ১০০ রয়িালরে পুরাটুকু তার খরচ হয়ে যায়।

বশেরিভাগ ক্ষত্রেে মাসোহারা এটা িখরচ শ্রণেীয়; হবো (উপহার) শ্রণেীয় নয়। তাই এইক্ষত্রেে এক ছলেে থকেে অপর ছলেকেে পার্থক্য করাতে কোন আপত্ত িনইে।

## দুই: অন্যকে কোন কছিু বশেি দয়োর প্রত িসন্তুষ্টসিূচক অনুমত িকোনটা?ি

হবো (উপহার) করার ক্ষত্রেে কাউকে বশেি দয়ো বধৈ যদ িযাকে কম দয়ো হলো সে অনুমত িদয়ে। তবে যে ব্যক্ত িলনেদনে করার উপযুক্ত কবেল তার অনুমত িধর্তব্য হব।ে এমন ব্যক্ত িহলো যে প্রাপ্তবয়স্ক, ববিকেবান ও সুবুদ্ধ িসম্পন্ন। সুবুদ্ধ িসম্পন্ন হচ্ছে যে ব্যক্ত িসম্পদ সুষ্ঠুভাবে খরচ করতে জান;ে নর্িবোধরে বপিরীত। অপ্রাপ্ত বয়স্ক, পাগল ও নর্িবোধরে অনুমত িধর্তব্য নয়।

কাশ্শাফুল ক্বনিা গ্রন্থে (৪/৩১০) বলন:ে "পতিামাতা ও অন্যান্য আত্মীয় যাদরে কথা উল্লখে করা হলো তারা তাদরে ওয়ারশিযোগ্য কছিু আত্মীয়কে অন্যদরে অনুমত িসাপক্ষেে বশিষে কছিু দতিে পারনে। কনেনা বশিষে কছিু দয়ো হারাম হওয়ার কারণ হলো এটা িশত্রুতা ও আত্মীয়তার সম্পর্কে ফাটল তরৈী কর।ে অনুমত িদয়ো হলে সটো িনাকচ হয়ে যায়। যদ িঅন্যদরে অনুমত িছাড়া কাউকে বশিষে কছিু দনে কংিবা অন্যদরে চয়েে বশেি কছিু দনে তাহলে পূর্বোক্ত কারণে তনি িগুনাহগার হবনে।"[সমাপ্ত]

তিনি আরও বলেন (৪/২৯৯): "হেবা (উপহার) দেয়ার ক্ষেত্রে ধর্তব্য হলো এমন ব্যক্তির পক্ষ থেকে হওয়া যিনি লেনদেন করার উপযুক্ত। সুতরাং অপ্রাপ্ত বয়স্ক, নির্বোধ, দাস প্রমুখের হেবার লেনদেন অন্যান্য লেনদেনের মত সঠিক নয়"।[সমাপ্ত]

উপরোক্ত আলোচনার ভিত্তিতে আপনার যে ভাই এখনও বালেগ হয়নি কাউকে হেবা (উপহার) হিসেবে বেশি দেয়ার ক্ষেত্রে তার সম্মতি ধর্তব্যযোগ্য নয়।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।